Times Today BD

ডেস্ক রিপোর্ট | বিনোদন | 05 April, 2025

ঢাকাই সিনেমার চিত্রনায়িকা অপু বিশ্বাস বরাবরই পরকীয়ার ঘোর বিরোধী।গত বছর এক সাক্ষাৎকারে অভিনেত্রী বলেছিলেন, ‘এখনকার সময়ে আমাদের সমাজে পরকীয়া বেড়ে গেছে।স্বামী আছে জেনেও অনেক মেয়ে দেখবেন অন্যের স্বামীর সাথে পরকীয়ায় যুক্ত হয়।এসব ঘটনা অহরহ ঘটছে।

পরকীয়ার পেছনে একটা বিশেষ কারণ রয়েছে উল্লেখ করে এই নায়িকা বলেন, ‘আমরা পত্রিকা, খবরে বিভিন্ন জায়গাতে দেখি নারী প্রলোভিত হয়েছে।সেটা ফেসবুকে, মেসেজে, যোগাযোগে সামাজিক মাধ্যমের বিপদজনক ব্যবহারও দেখছি।

এবার ঈদ পরবর্তী এক অনুষ্ঠানে আবারও অপুর কণ্ঠে শোনা গেল, পরকীয়া নিয়ে ক্ষোভের কথা।এই নায়িকা যে যেকোনো অনৈতিক সম্পর্কের ঘোর বিরোধী সেটাই আবারও নিজের মন্তব্যে প্রকাশ করলেন।

সম্প্রতি একটি অনুষ্ঠানে হাজির হয়ে র‍্যাপিড ফায়ার নামে এক সেগমেন্টে অংশ নেন অপু।যেখানে তিনি জানা, সমাজ থেকে পরকীয়া বন্ধ করতে চান তিনি।

সঞ্চালক অপু বিশ্বাসের কাছে জানতে চান, আপনাকে সুপার পাওয়ার দেওয়া হলে কী করবেন? জবাবে এই নায়িকা বলেন, ‘পরকীয়াটা বন্ধ করব।এমন আইন জারি করব যে, দশজনের সামনে পাথর নিক্ষেপ করে মারা হয়।

এরপর অপুর কাছে জানতে চাওয়া হয়, জীবনের কোন অভ্যাসটি পরিবর্তন করে ফেলতে চান তিনি।জবাবে এই অভিনেত্রী বলেন, ‘মানুষকে খুব বেশি বিশ্বাস করে ফেলি, মনের সব কথা বলে ফেলি।এই অভ্যাসটা পরিবর্তন করা দরকার।

কয়েকজন তারকাকে নিয়েও মন্তব্য করতে বলা হয় অপু বিশ্বাসকে।যেখানে এই অভিনেত্রী শাকিব খানকে ‘সৃষ্টিশীল ও ব্যবসায়ী’, মৌসুমীকে ‘অ্যাডরেবল হট’, আফরান নিশোকে ‘একটু দাম্ভিক’ বলে সম্বোধন করেন।

অপু বিশ্বাস সোশ্যাল মিডিয়া,পরকীয়া

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:29

URL: https://www.timestodaybd.com/entertainment/775807324